নাটোরে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

নাটোর জেলায় করোনা সংক্রমণ বৃদ্ধির প্রেক্ষাপটে জেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা সাড়ে বারোটার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ শাহরিয়াজ, পুলিশ সুপার লিটন কুমার সাহা, সিভিল সার্জন ডাঃ কাজী মিজানুর রহমান, নাটোর সদর হাসপাতালের সহকারী পরিচালক ডাঃ পরিতোষ কুমার রায়, নাটোর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুল ইসলাম রমজানসহ জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

এসময় বক্তারা জেলার করোনা সংক্রমন পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। সভায় করোনা সংক্রমণ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণার পরিধি বৃদ্ধি, খাবার হোটেলগুলোতে বসে খাওয়া-দাওয়া নিয়ন্ত্রণ করে পার্সেল বিক্রি এবং করোনা পজিটিভ ব্যক্তিদের বাড়িতে লালপতাকা উত্তোলন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। করোনা পজিটিভ ব্যক্তিদের চিকিৎসা এবং প্রয়োজনে খাদ্য সহায়তা প্রদান করা হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।

টিকটক হৃদয়-আলামিনরা থাকত ‘বস’ রাফির আস্তানায়

ভারতের বেঙ্গালুরুতে বাংলাদেশি তরুণীকে বিবস্ত্র করে যৌন নির্যাতনের ঘটনায় বৃহস্পতিবার রাতে দুই নারীসহ ৬ জনকে গ্রেফতার করে দেশটির স্থানীয় পুলিশ। গ্রেফতারের সময় গুলিবিদ্ধ হয় টিকটক হৃদয় বাবু ও সাগর।

টিকটক হৃদয় বাবু ও আলামিনসহ এই চক্রটি ভারতের বেঙ্গালুরুর কোর্টলোর এলাকায় থাকে। সেখানে ‘রাফি’ নামে একজনের আস্তানা

রয়েছে। এই রাফির বাড়ি ঝিনাইদহের শৈলকুপা এলাকায়। তার প্রকৃত নাম আশরাফুল মণ্ডল। রাফিকে আলামিনরা বস বলে সম্বোধন করে।

গত বছর ২৩ সেপ্টেম্বর আলামিন তানিয়াকে নিয়ে অবৈধপথে বেনাপোল দিয়ে ভারতে প্রবেশ করে। যাওয়ার আগে সে চাঁচড়া এলাকার ইয়াবা বিক্রেতা কামরুলের কাছ থেকে ১০ হাজার টাকার ইয়াবা কিনে নিয়ে যায়।

‘অরিজিনাল মাল’ হিসেবে ইয়াবা আসক্ত ‘রাফিকে’ উপহার দেয়ার জন্য এ ইয়াবা সে বেঙ্গালুরু নিয়ে গেছে। নির্যাতনে জড়িত আলামিন ও তানিয়া গা-ঢাকা দিয়েছে। এছাড়া ডালিম ও সবুজ নামে আরও দুই যুবক ছিল, তারাও পালিয়ে গেছে। তবে বেঙ্গালুরু পুলিশ তাদের খুঁজছে।

যশোরের অতিরিক্ত পুলিশ সুপার (ক সার্কেল) বেলাল হোসাইন বলেন, ভারতের তরুণী নির্যাতনের ভিডিও ভাইরালের ঘটনা জেনেছি। তবে ওই ঘটনায় জড়িত একজনের বাড়ি যশোরে বলে শুনেছি। এলাকাবাসী ছবি দেখে শনাক্তের দাবি করছেন। আমরা এ বিষয়ে নিশ্চিত নই। একইসঙ্গে তদন্তকারী কর্মকর্তাও আমাদের কিছু জানাননি।

ফেসবুকে স্ট্যাটাস দিয়ে ফ্রিল্যান্সারের আত্মহত্যা

রাজশাহীতে ফেসবুকে স্ট্যাটাস দিয়ে ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন আনারুল ইসলাম টুটুল (৪২) নামে এক ফ্রিল্যান্সার। মঙ্গলবার বেলা ১১টায় পুলিশ আত্মহত্যার বিষয়টি জানতে পারে। বিকালে তার লাশ রাজশাহী মেডিকেল কলেজে ময়নাতদন্তের পর নিকটাত্মীয়দের কাছে হস্তান্তর করা হয়।

আনারুল ইসলাম টুটুল মহানগরীর হোসেনীগঞ্জ এলাকার বাসিন্দা।

মহানগরীর বোয়ালিয়া থানার ওসি নিবারণ চন্দ্র বর্মণ বলেন, রোববার রাতের কোনো এক সময় টুটুল আত্মহত্যা করেছেন। তাকে বেলা ১১টার পরও ঘুম থেকে উঠতে না দেখে বাড়ির লোকজনের সন্দেহ হয়। এরপর তারা পুলিশে খবর দেন। আমরা গিয়ে তাকে গলায় ফাঁস দেওয়া অবস্থায় উদ্ধার

করেছি। তিনি অনেক ঋণগ্রস্ত ছিলেন বলে আমরা জেনেছি।

তিনি আরও বলেন, মারা যাওয়ার আগে রোববার রাত ১১টা ১৩ মিনিটে টুটুল তার ফেসবুক আইডিতে দীর্ঘ একটি স্ট্যাটাস দেন। সেখানে তিনি লিখেছেন, তিনি ফ্রিল্যান্সিং করে অনেক টাকা আয় করেছেন। কিন্তু দীর্ঘ সময় অসুস্থতার কারণে তিনি ঋণগ্রস্ত হয়ে পড়েন। কিছুটা সুস্থ হলে আবার তিনি ফ্রিল্যান্সিং শুরু করেন। কিন্তু তিন মাস যেতে না যেতেই তিনি আবারো অসুস্থ হয়ে পড়েন। এজন্য তাকে কাজ বন্ধ রাখতে হয়। এদিকে আয় বন্ধ হয়ে যাওয়ায় ঋণগ্রস্ত থাকায় তার পরিবারে ব্যাপক অভাব-অনটন দেখা দেয়।

এছাড়া স্ট্যাটাসে উল্লিখিত আইটি প্রতিষ্ঠানের কাছে পাওনা ১৭ লাখ টাকা না পাওয়ায় হতাশাবোধও তৈরি হয়। এসব কারণেই পৃথিবী ছেড়ে চলে যাচ্ছেন বলে স্ট্যাটাসে উল্লেখ করা হয়।

দেশে করোনাভাইরাসে মৃত্যু ও শনাক্ত আরও বাড়ল

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪১ জন মারা গেছেন। এ পর্যন্ত দেশে ১২ হাজার ৬৬০ জনের জনের মৃত্যু হলো।

এই সময়ে নতুন করে করোনা রোগী শনাক্ত হয়েছেন এক হাজার ৭৬৫ জন। এ নিয়ে শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ৮ লাখ ২ হাজার ৩০৫ জনে।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১৮ হাজার ২৫০টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এই সময় শনাক্তের হার ৯.৬৭ শতাংশ।

এর আগে সোমবার করোনায় ৩৬ জনের মৃত্যু হয়। এদিন আক্রান্ত হিসেবে শনাক্ত হন ১ হাজার ৭১০ জন।

Shares

চুলের টুপি যাচ্ছে চীনে

লাইজু খাতুন একজন সফল নারী উদ্যোক্তা। চুলের টুপি তৈরি করে বদলেছেন ভাগ্য। একই সঙ্গে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে অনেক অসহায় নারীর। তাদের নিপুণ হাতে চুল দিয়ে তৈরি করা মাথার টুপি দেশের বাজার ছাপিয়ে এখন রফতানি হচ্ছে চীনে।

লাইজু খাতুনের সফলতার গল্প, ভাগ্য জয়ের গল্প জানতে-বুঝতে ও শিখতে ছুটে আসছে কৌতূহলী মানুষ। এমন দৃষ্টান্ত স্থাপন করছেন কুড়িগ্রাম জেলার সীমান্তবর্তী উপজেলা ফুলবাড়ীর প্রত্যন্ত অঞ্চলের এ নারী উদ্যোক্তা। নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি সৃষ্টি হয়েছে আরও ৩০ নারীর কর্মসংস্থানের সুযোগ।

ফুলবাড়ী সদর ইউপি চেয়ারম্যান হারুন জানান, ব্যতিক্রম ধর্মী এ শিল্পকর্ম নিয়ে তৈরি হয়েছে অপার সম্ভাবনা। ফুলবাড়ী উপজেলার সদর ইউনিয়নের চন্দ্রখানা বালাতাড়ি গ্রামের কৃষক হেছার আলী মেয়ে লাইজু খাতুন। বাণিজ্যিকভাবে মাথার চুল দিয়ে টুপি তৈরি করে এক উজ্জ্বল সম্ভাবনা ও সফল উদ্যোক্তা হওয়ার স্বপ্ন দেখছেন এই নারী উদ্যোক্তা।

কৃষক হেছার আলীর তার পাঁচ মেয়ের মধ্যে লাইজু চতুর্থ নম্বর। বড় তিন মেয়ের অর্থাভাবে লেখাপড়া করাতে না পেরে অল্প বয়সে বিয়ে দিয়ে দেন দরিদ্র কৃষক। তবে শত বাধার মুখেও নিজের ঐকান্তিক প্রচেষ্টায় লাইজু খাতুন রংপুর সরকারি কলেজ থেকে বাংলা বিষয় মাস্টার্স সম্পন্ন করেন।

২০১৫ সালের উপজেলার পার্শ্ববর্তী শিমুলবাড়ী ইউনিয়নের সোনাইকাজী গ্রামের আজিজার রহমানের ছেলে সামিউল ইসলাম সেলিমের সঙ্গে লাইজুর পারিবারিকভাবে বিয়ে হয়। তার স্বামী একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তাদের দাম্পত্য জীবনে আড়াই বছরের একটি কন্যা সন্তান রয়েছে।

লাইজু খাতুন বলেন, আমার অনেক দিনের ইচ্ছা ও স্বপ্ন ছিল একজন সফল উদ্যোক্তা হবো। চাকরির পেছনে ছুটবো না নিজেই সৃষ্টি করবো কর্মসংস্থানের। নারীদের ভাগ্যবদলে নিবো বিশেষ উদ্যোগ।

এই স্বপ্নটা পূরণ করতে আমার স্বামীর সহযোগিতায় ময়মসিংহে ৫ দিন এবং ঢাকা উত্তরায় ১০ দিন চুল দিয়ে টুপি তৈরির প্রশিক্ষণ নেই। প্রশিক্ষণ নিয়ে গ্রামের ৩০ জন নারীকে আমার নিজস্ব অর্থায়নে প্রায় একমাসের প্রশিক্ষণ দেই।

আমার বাবার বাড়িতে একটি টিনসেড ঘরে স্বল্প পরিসরে ‘সিনহা বিনতে সামিউল হেয়ার ক্যাপ নিটিং লিঃ’ প্রতিষ্ঠানের যাত্রা শুরু করি চলতি বছরের তিন মাস আগে। প্রায় দেড় লাখ টাকা ব্যয়ে প্রতিষ্ঠানটি চালু করি।

এখন গড়ে মাসে ৯০-১০০টি চুলের টুপি তৈরি করা হচ্ছে। প্রতিটি টুপিতে গড়ে সাড়ে তিনশ টাকা খরচ করে ঢাকায় বিক্রি হচ্ছে প্রায় ৫শ টাকায়। আমাদের তৈরিকৃত চুলের টুপিগুলো ঢাকার বেসরকারি প্রতিষ্ঠান চীনে রফতানি করে। উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা সোহেলী পারভীন বলেন, এটা খুবই ভালো উদ্যোগ। একটা অসাধারণ কাজ করেছে লাইজু।

নারীরা সমাজে সু-প্রতিষ্ঠিত হোক সবাই চায়। লাইজুর প্রতিষ্ঠান পরিদর্শন করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। উপজেলা মহিলাবিষয়ক অধিদপ্তরের মাধ্যমে লাইজুর প্রতিষ্ঠানটি সমিতির অন্তর্ভুক্তির মাধ্যমে রেজিস্ট্রেশনের ব্যবস্থা করা হলে উপজেলার শতাধিক নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে আমার বিশ্বাস।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমান দাস বলেন, উপজেলার প্রত্যন্ত অঞ্চলে নারীরা এগিয়ে যাচ্ছে। এটা খুবই ইতিবাচক। নতুন নতুন উদ্যোক্তা তৈরি হলে দেশ ও জাতি এগিয়ে যাবে। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নতুন নতুন উদ্যোক্তাদের সার্বিক সহযোগিতার আশ্বাস দেন তিনি।

ক্ষতিগ্রস্থ কৃষকদের ন্যায্য

ক্ষতিপূরণ না দিলে বৃহত্তর কর্মসূচির ঘোষণা

দিনাজপুরের ফুলবাড়ীর পার্শ্ববর্তী পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নের দক্ষিণ পলাশবাড়ি গ্রামে সোমবার (৩১ মে) ইটভাটার বিষাক্ত ধোয়ায় ফসলের ক্ষতি হওয়ায় মানববন্ধন কর্মসূচি পালন করেছে ক্ষতিগ্রস্ত কৃষকরা ।

মানববন্ধন চলাকালে জুনের মধ্যে ক্ষতিগ্রস্থ কৃষকদের ন্যায্য ক্ষতিপূরণ না দেওয়া হলে, বৃহত্তর কর্মসূচি গ্রহণের ঘোষণা দিয়েছেন সংগ্রাম পরিষদের আহবায়ক আজিজুর রহমান। বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নের দক্ষিণ পলাশবাড়ি ভাটারমোড় নামক এলাকায় ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করেন ক্ষতিগ্রস্ত কৃষকরা।

ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের আহবায়ক আজিজুর রহমানের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বাংলাদেশের ইউনাইটেড কমিউনিস্ট লীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন নান্নু, দিনাজপুর শাখার সাধারণ সম্পাদক আনোয়ার আলী সরকার, দিনাজপুর শাখা বাংলাদেশ কৃষক খেত মজুর সমিতির সভাপতি আখতার আজিজ, সাংগঠনিক সম্পাদক ও ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের উপদেষ্টা সঞ্জিত প্রসাদ জিতু, নীলফামারী শাখা বাংলাদেশ কৃষক খেত মজুর সমিতির নেতা শফিকুল আলম, ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের সদস্য সচিব মাসুদ রানা, সংগ্রাম পরিষদের সদস্য ইঞ্জিনিয়ার জয়নাল আবেদীন, সংগ্রাম পরিষদের সদস্য ফাত্তানুর, এরশাদ, নাজমা বেগম, আফরাজুল রহমান আপন, মনিরুজ্জামান মনির প্রমুখ।

বক্তরা বলেন, এক ইউনিয়নে ১৯ ইটভাটার কারণে ৩০০ একর জমির আম ও ধানসহ ৩০ প্রকার ফসল নষ্ট হয়ে গেছে। এর প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা রবাবর গত ২৩ মে ৩০০ কৃষকের স্বাক্ষরিত স্মারকলিপি পেশ করা হয়। কিন্তু প্রশাসন শুধুই আশ্বাস-ই দিয়েছেন। কোন প্রকার ব্যবস্থাগ্রহণ করেন’নি। তারা আরো বলেন, এই ইটভাটার কারণে দিনদিন কৃষকরা নিঃস্ব হয়ে আসছে। ইটভাটার বিষাক্ত ধোয়ার কারণে বিভিন্ন ফসলের ক্ষয়ক্ষতিসহ শারীরিক সমস্যা দেখা দিচ্ছে। আমাগীতে যেনো এধরণের সমস্যার মুখে না পড়তে হয়, সেজন্য সরকারের

কাছে অবৈধ ইটভাটাগুলো বন্ধের জন্য দাবি জানাচ্ছি।

পার্বতীপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নাসিদ কায়সার রিয়াদ বলেন, প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণে উর্ধ্বতন কর্মকর্তাকে জানানো হয়েছে। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।

ডিসেম্বরেই ফাইভজি যুগে বাংলাদেশ

ফোরজির যুগ চলছে, এর মধ্যেই ফাইভজির বিস্ময় পৃথিবীর সামনে। বাংলাদেশও যুক্ত হতে চলেছে এর সঙ্গে। সে জন্য প্রস্তুতি নেওয়াও শুরু হয়েছে। চলতি বছরের মধ্যেই দেশে পরীক্ষামূলকভাবে ফাইভজি চালু হবে। রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটকের মাধ্যমে সীমিত পরিসরে চালু হবে এই সেবা। ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার সমকালকে এ তথ্য জানিয়েছেন।

মন্ত্রী বলেন, বর্তমান প্রযুক্তিগত বিশ্ব বাস্তবতায় এখনই বিস্তৃত পরিসরে ফাইভজি নয়, তাই ফোরজি সেবাকে আরও মানসম্পন্ন করার বিষয়েও জোর দেওয়া হচ্ছে।

টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক মো. শাহাব উদ্দিন সমকালকে জানান, আগামী ডিসেম্বরের শুরুতেই পরীক্ষামূলকভাবে ফাইভজি চালু করবে টেলিটক। তার জন্য এরই মধ্যে কাজ শুরু হয়েছে।

এদিকে, ফাইভজি প্রযুক্তির যন্ত্রপাতি সরবরাহের জন্য পূর্ণ প্রস্তুতি নিয়ে রেখেছে দুটি চীনা কোম্পানি- জেডটিই করপোরেশন ও হুয়াওয়ে।
ফাইভজিতে যা থাকছে:আগের থ্রিজি ও ফোরজি প্রযুক্তিতে মোবাইল ইন্টারনেটের গতি বেড়েছে। সেই গতি আরও অনেক বাড়িয়ে দেবে ফাইভজি। এ প্রযুক্তির কারিগরি দিক একেবারেই আলাদা। বিশেষজ্ঞদের ভাষ্য, থ্রিজি ও ফোরজি প্রযুক্তিতে বেতার তরঙ্গ ব্যবহারের ক্ষেত্রে যেসব দুর্বলতা রয়েছে, ফাইভজিতে তা নেই।

এ প্রযুক্তিতে অনেক কম বেতার তরঙ্গ ব্যবহার করে অনেক বেশি মানসম্পন্ন সেবা ও দ্রুতগতি নিশ্চিত করা সম্ভব হবে। ফাইভজি চালুর শুরুতে বড় বিনিয়োগের প্রয়োজন হলেও সেবাদান পর্যায়ে অপারেটররা অনেক সাশ্রয়ী মূল্যে সেবা দিতে পারবে। গ্রাহকরাও একটা পর্যায়ে আগের চেয়ে কম টাকায় উন্নত সেবা পাবেন। তবে এই সেবা সাধারণ গ্রাহকের চেয়ে শিল্প উৎপাদন এবং বৃহৎ ব্যবসায়িক কার্যক্রমের জন্য বেশি উপযোগী। সাধারণ গ্রাহকের জন্য ফোরজি সেবাই এখন পর্যন্ত আদর্শ সেবা।

ফাইভজির মাধ্যমে হাই ডেফিনেশন বা উন্নততর ভিডিওচিত্র আদান-প্রদান সম্ভব হবে খুব সহজে। এর ফলে টেলিচিকিৎসা, টেলিক্লাসরুমের মতো পদ্ধতিগুলো যেমন আরও জনপ্রিয় হবে, তেমনি ‘স্মার্টসিটি’র নতুন ধরনের সেবা চালু সহজ হবে। ‘স্মার্ট কার পার্কিং’, স্মার্ট ট্রাফিক নিয়ন্ত্রণ, ভবনের স্মার্ট নিরাপত্তা ব্যবস্থাসহ সিটি করপোরেশনের মতো জনসেবা দেওয়া সংস্থাগুলোও সেবার ক্ষেত্রে স্মার্ট ব্যবস্থা চালু করতে পারবে। স্মার্ট শিল্পকারখানা ব্যবস্থাও চালু সম্ভব হবে। উন্নত কয়েকটি দেশে শিল্পকারখানায় এই ‘স্মার্ট ম্যানেজমেন্ট’ সিস্টেম চালু হয়েছে, যা তাদের পরিচালন ব্যয়ও অনেকখানি কমিয়ে দিয়েছে।

এর পাশাপাশি প্রত্যন্ত যেসব অঞ্চলে ফাইবার অপটিক কেবল নিয়ে যাওয়া সম্ভব নয়, সেখানে ফাইভজির মাধ্যমে মোবাইল ব্রডব্যান্ড সেবা নিশ্চিত করা সম্ভব হবে। বর্তমানে ফোরজি সেবায় দেশে ৪৫ এমবিপিএস (মেগাবাইট পার সেকেন্ড) পর্যন্ত গতিতে মোবাইল ইন্টারনেট সেবা দেওয়া সম্ভব হয়। এমবিপিএস ক্লাস প্রযুক্তিতে এই গতি পাওয়া যাচ্ছে। গিগাবাইট ক্লাস প্রযুক্তি ব্যবহার করলে গতি পরিমাণ এক হাজার এমবিপিএস বা এক জিবিপিএস পর্যন্ত বাড়ানো সম্ভব। কিন্তু ফাইভজিতে গতি হবে ৫ জিবিপিএস থেকে ১০ জিবিপিএস পর্যন্ত।

অর্থাৎ ফোরজির তুলনায় ফাইভজিতে ইন্টারনেটের গতি হবে পাঁচ থেকে দশ গুণ বেশি।
প্রযুক্তিপণ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রস্তুতি :চীনা প্রতিষ্ঠান জেডটিই জানিয়েছে, মোবাইল অপারেটরদের ফোরজি সেবাকে পঞ্চম প্রজন্মের সেবায় রূপান্তর করতে ‘ডায়নামিক স্পেকট্রাম শেয়ারিং (ডিএসএস)’ প্রযুক্তির বাস্তব প্রয়োগ এরই মধ্যে শুরু হয়েছে। জেডটিই সুপার ডিএসএস নামে এই প্রযুক্তির মাধ্যমে বর্তমান তৃতীয় ও চতুর্থ প্রজন্মের নেটওয়ার্কের সেবা বজায় রেখে ট্রাই রেডিও অ্যাকসেস টেকনোলজির মাধ্যমে পঞ্চম প্রজন্মের বা ফাইভজি

প্রযুক্তিতে রূপান্তর ঘটায়। প্রতিষ্ঠানটি সম্প্রতি দক্ষিণ আফ্রিকায় এ প্রযুক্তির প্রয়োগ ঘটিয়েছে।

তৃতীয় ও চতুর্থ প্রজন্মের তরঙ্গ সেবায় মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের বরাদ্দ করা ১৫ মেগাহার্টজ ব্যান্ডউইথ সীমার মধ্য থেকে ২ দশমিক ১ গিগাহার্টজ স্পেকট্রামে জেডটিইর সুপার ডিএসএস প্রযুক্তির বাস্তবায়ন করা হয়েছে। দক্ষিণ আফ্রিকার অপারেটরদের নেটওয়ার্ক পরীক্ষায় দেখা গেছে, ২ দশমিক ১ গিগাহার্টজ তরঙ্গে ফাইভজি চালু করা সম্ভব।

চীনের অপর বৃহৎ প্রযুক্তিপণ্য নির্মাতা ও সরবরাহকারী প্রতিষ্ঠান হুয়াওয়ে বিশ্বের বিভিন্ন দেশে ফাইভজির পরীক্ষামূলক সেবা চালু করেছে। কোম্পানিটি বাংলাদেশে ফাইভজি প্রযুক্তির সম্ভাবনার দিকগুলো নিয়ে একটি প্রদর্শনী করেছে। কভিড-১৯ মহামারির আগেই ‘ইনোভেশন টু অ্যাডভান্স ডিজিটাল বাংলাদেশ’ প্রদর্শনীতে বাংলাদেশে ফাইভজির সম্ভাবনার অনেক দিক তুলে ধরেছে। বিশেষ করে স্মার্ট সিটি গড়ে তোলার এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে মানুষের এগিয়ে যাওয়ার বিষয়গুলো তুলে ধরা হয়।

সর্বশেষ চলতি বছরে চীনের সেনজেন শহরে এবং ভার্চুয়াল প্ল্যাটফর্মে বিশ্বের বিভিন্ন দেশের বিশেষজ্ঞদের সংযুক্ত করে অনুষ্ঠিত হুয়াওয়ের গ্লোবাল অ্যানালিটিক সম্মেলন-২০২১-এর আয়োজনেও পুরো আলোচনার মূল বিষয়বস্তু ছিল সামনের বছরগুলোতে ফাইভজির সম্ভাবনা।

কতটা প্রস্তুত বাংলাদেশ:এর আগে থ্রিজি ও ফোরজি সেবা নিয়ে বাংলাদেশের গ্রাহকদের মধ্যে সমালোচনা থাকলেও বাস্তবতা হচ্ছে, টুজির চেয়ে থ্রিজিতে গতি বেশি হয়েছে, ফোরজিতে হয়েছে আরও বেশি। এখন বাংলাদেশের গ্রাহকরা স্মার্টফোনে হাই ডেফিনেশন ভিডিও দেখতে পাচ্ছেন ফোরজি সেবা ব্যবহার করেই।

একটি মোবাইল ফোন অপারেটরের একজন তথ্যপ্রযুক্তি কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, ফাইভজি চালুর ক্ষেত্রে অপারেটরদের বড় বিনিয়োগের বিষয় আছে। এ ছাড়া বেতার তরঙ্গের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফাইভজির জন্য আদর্শ বেতার তরঙ্গ হচ্ছে ২৬০০ মেগাহার্টজ ব্যান্ড। পাশাপাশি অন্য ১৮০০ ও ৭০০ মেগাহার্টজ ব্যান্ডেও সেবা দেওয়া সম্ভব। কিন্তু সরকারি নীতিতে সুলভে বেতার তরঙ্গ দেওয়ার এবং সঠিক ব্যান্ডের বেতার তরঙ্গ বরাদ্দ দেওয়ার নীতি গ্রহণ করতে হবে।

তিনি বলেন, থ্রিজি ও ফোরজির ক্ষেত্রে মোবাইল অপারেটররা বেতার তরঙ্গ সুলভে পায়নি। ফলে উচ্চ বিনিয়োগ করে লোকসানের মুখে পড়তে হয়েছে। ফাইভজিতে অপারেটররা এই ঝুঁকি নিতে চায় না।

এখন ফোরজি সেবার মান আরও উন্নত করতেই অপারেটররা বেশি নজর দিচ্ছে বলে জানান এই কর্মকর্তা।
ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, কভিড-১৯ মহামারির কারণে বিশ্বজুড়েই ফাইভজি প্রযুক্তি চালুর বিষয়টি পিছিয়ে গেছে; বরং ফোরজি প্রযুক্তির সেবার মান বাড়ানোর দিকেই এখন বড় দেশগুলোও নজর দিচ্ছে। বাংলাদেশও একই ধরনের নীতি গ্রহণ করেছে। এর আর একটা বড় কারণ হচ্ছে, ফাইভজি মূলত সাধারণ গ্রাহকের জন্য উপযোগী নয় বা অনেক বেশি উচ্চাভিলাষী প্রযুক্তি। এটা উপযোগী শিল্পপণ্য উৎপাদন খাত, বড় ব্যবসায়িক কার্যক্রমের জন্য।

চতুর্থ শিল্পবিপ্লবে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিকসের মতো যে নতুন শিল্পে বিশ্ব প্রবেশ করবে, সেখানে ফাইভজি খুবই উপযোগী বিবেচিত হবে। তবে বাংলাদেশও ফাইভজি চালুতে পিছিয়ে থাকবে না। চলতি বছরের মধ্যেই টেলিটকের মাধ্যমে পরীক্ষামূলকভাবে ফাইভজি চালু হবে। তার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি শুরু করেছে টেলিটক।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হাতে থাকবে জাতীয় পরিচয়পত্র সেবা

জাতীয় পরিচয়পত্র সেবা বা এনআইডি স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের হাতে থাকবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন, জাতীয় পরিচয়পত্র আর ভোটার আইডি কার্ড এক বিষয় নয়। পৃথিবীর সব দেশে জাতীয় পরিচয়পত্র সেবার কাজ করে থাকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় অথবা অন্য কোনো মন্ত্রণালয়। এটি নির্বাচন কমিশন করে না। নির্বাচন কমিশন শুধু ভোটার তালিকা নিয়ে কাজ করে। জাতীয় পরিচয়পত্র সেবা নিয়ে নির্বাচন কমিশনের আশঙ্কা অমূলক। এটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হাতে থাকবে।

সোমবার জাতীয় প্রেসক্লাবে সাংবাদিকদের এক প্রশ্নে তথ্যমন্ত্রী

এসব কথা বলেন।

তিনি বলেন, যখন এটি একটি প্রকল্প হিসেবে শুধু ভোটার তালিকা প্রণয়নের বিষয় ছিল, তখন এটি নির্বাচন কমিশনের হাতে ছিল। এখন এটি আর ভোটার তালিকা নয়, এটা ন্যাশনাল আইডি কার্ড করা হচ্ছে। তখন এটি সরকারের হাতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের হাতে থাকায় যুক্তিযুক্ত। সব দেশেই তা আছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ই কাজ করবে। বিদেশে যারা অবস্থান করছে, তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ই পাসপোর্ট দেয়। তাদেরও ন্যাশনাল আইডি কার্ড দেওয়া হয়। সুতরাং এ ক্ষেত্রে যে সিদ্ধান্ত হয়েছে, পৃথিবীর অন্যান্য দেশের মতো সিদ্ধান্ত। ন্যাশনাল আইডি কার্ড দেওয়ার পর ১৮ বছরের বেশি বয়স্ক যারা, যিনি ভোটার হওয়ার উপযোগী, তাদের তালিকা তো অবশ্যই নির্বাচন কমিশনের কাছে হস্তান্তর করা হবে। এখন নির্বাচন কমিশন থেকে যে আশঙ্কার কথা বলা হয়েছে, সেটি আসলে অমূলক। এটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হাতে থাকবে।

এর আগে রোববার জাতীয় পরিচয়পত্রের সেবা নির্বাচন কমিশনের হাতে রাখা নিয়ে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেন, আমরা মনে করি এনআইডি কার্যক্রম ইসির কাছেই থাকা উচিত। কারণ, ইসি এটি তৈরি করেছে ভোটার তালিকা তৈরির ভিত্তিতে। সরকারের যে উৎকণ্ঠা বা পরামর্শ, সেটা হলো কোনো দেশে নির্বাচন কমিশন এনআইডি কার্ড করে না। এটা ঠিকই, কোনো দেশে এটা নির্বাচন কমিশন করে না। অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশের পরিস্থিতি তুলনা করলে হবে না। ইসির কাছে এটি থাকলে কোনো অসুবিধা নেই। ইসি সেবা দিতে পারছে।

চুপিসারে বিয়ে করলেন দীঘির ‘নায়ক’ আসিফ ইমরোজ

অনেকটা চুপিসারে বিয়ে করলেন ‘তুমি আছ তুমি নেই’ ছবিতে চিত্রনায়িকা দীঘির নায়ক আসিফ ইমরোজ।

করোনা পরিস্থিতিতে পরিবারের ঘনিষ্ঠ কয়েকজনের উপস্থিতিতে গত

শুক্রবার কনের বাড়ি টঙ্গীর দত্তপাড়ায় বিয়ে অনুষ্ঠিত হয়।

কনের নাম রাফসানা আফরিন প্রত্যাশা। তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে হেড অব অ্যাকাউন্টস হিসেবে কর্মরত।

কনের বাবা টঙ্গী পৌরসভার (বর্তমান গাজীপুর সিটি করপোরেশন) ৪৮নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর প্রয়াত জয়নাল আবেদীন। সংস্কৃতিকর্মী হিসেবে টঙ্গীতে ব্যাপক সুনাম ছিল তার। অসংখ্য মঞ্চ ও টেলিভিশন নাটকে অভিনয় করেছেন তিনি। টঙ্গীর কাদেরিয়া মিল এলাকায় তার হাতেগড়া একটি নাট্যদল রয়েছে।

জানা গেছে, প্রত্যাশার সঙ্গে ফেসবুকের মাধ্যমে পরিচয় হয় ইমরোজের। কিছু দিন চ্যাটিংয়ের পর সরাসরি দেখা করেন তারা। এর পর তা প্রণয়ে রূপ নেয়। পরে উভয় পরিবারের সম্মতিতে বিয়ের বন্ধনে আবদ্ধ হন এ প্রেমযুগল।

উল্লেখ্য, আসিফ ইমরোজ ‘সুপার হিরো সুপার হিরোইন’ নামে রিয়েলিটি শোতে অংশগ্রহণের মাধ্যমে মিডিয়া জগতে প্রবেশ করেন। ওই প্রতিযোগিতায় ১ম রানার্সআপ হন ইমরোজ।

২০১৪ সালে জাকির হোসেন রাজু পরিচালিত ‘দবির সাহেবের সংসার’ ছবিতে অভিনয়ের মাধ্যমে চলচ্চিত্রে অভিষেক ঘটে ইমরোজের।

২০১৮ সালে রায়হান মুজিব পরিচালিত ‘ময়না পাখির সংসার’ ও ড. এলা পরিচালিত ‘কাঁচা লঙ্কা’ ছবিতে অভিনয় করেন। তবে দেলোয়ার জাহান ঝন্টুর ‘তুমি আছ তুমি নেই’ ছবি দিয়ে আলোচনায় আসেন তিনি। এতে তার নায়িকা ছিলেন প্রার্থনা ফারদিন দীঘি। এটিই দীঘির প্রথম ছবি।

দেশে করোনায় শনাক্ত ও মৃত্যু বাড়ল

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৬ জন মারা গেছেন। এই সময়ে নতুন করে করোনা রোগী শনাক্ত হয়েছেন এক হাজার ৭১০ জন।

সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত ২৪ ঘণ্টায় করোনা শনাক্তের হার ৯.৪১ শতাংশ। এ সময় নমুনা পরীক্ষা করা হয়েছে ১৮ হাজার ১৭৮টি।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৫৬৭ জন। এ নিয়ে মোট সুস্থ হলো ৭ লাখ ৪০ হাজার ৩৭২ জন।

এর আগে রোববার করোনায় ৩৪ জনের মৃত্যু হয়। এদিন আক্রান্ত হিসেবে শনাক্ত হন ১ হাজার ৪৪৪ জন।

এ নিয়ে করোনাভাইরাসে দেশে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১২ হাজার ৬১৯ জনে। মোট শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ৮ লাখ ৫৪০ জনে।

দেশে করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ চলছে। গত কয়েক মাস ধরে করোনার নমুনা পরীক্ষা অনুযায়ী শনাক্তের হার ১০ দশমিক ১১ শতাংশের ওপরে থাকছে। আর শনাক্তের সংখ্যা দৈনিক হাজারের ওপরে।